দৈনিক ইত্তেফাক

[illegible] ...14 DEC 1990...
পৃষ্ঠা... 2 ...কলাম... 4 ...

37

### ছাত্র সমাজের প্রতি অস্থায়ী প্রেসিডেন্ট

# অবাধ নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সহায়তা করুন

অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ নির্ধারিত সময়ের মধ্যে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে অন্তর্বর্তীকালীন সরকারকে সহায়তা দান এবং নিজেদের ঐক্য বজায় রাখার জন্য ছাত্র-সমাজের প্রতি আহ্বান জানাইয়াছেন। বাসস জানায়, গতকাল (বৃহস্পতিবার) আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দের উদ্দেশ্যে বক্তৃতা প্রসঙ্গে

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### ছাত্র সমাজের প্রতি

(১ম পৃঃ পর)

অস্থায়ী প্রেসিডেন্ট বলেন যে, গণতন্ত্র প্রতিষ্ঠা এবং জনগণের নিকট জবাবদিহিমূলক একটি প্রতিনিধিত্বশীল সরকার কায়েমের জন্য মত নির্বিশেষে ছাত্র সমাজ এক বৃহত্তর ঐক্য গড়িয়া তুলিয়াছে। অস্থায়ী প্রেসিডেন্ট বলেন যে, গণআন্দোলনের প্রথম পর্যায়ের বিজয় অর্জিত হইয়াছে; কিন্তু অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত বৃহত্তর দায়িত্ব এখনও বাকী রহিয়াছে।

বিচারপতি সাহাবুদ্দীন আইন শৃংখলা সম্পূর্ণরূপে পুনঃ প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন যে, উহা অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের পূর্বশর্ত। অস্থায়ী প্রেসিডেন্ট বর্তমান আন্দোলনে জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য যে সব ছাত্র শাহাদৎ বরণ করিয়াছে তাহাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করিয়া বলেন, জাতি সর্বদাই তাহাদিগকে স্মরণ করিবে। তিনি আইন শৃংখলা বজায় রাখিতে অবদান রাখার জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানাইয়া বলেন, অবৈধ অস্ত্র অবশ্যই উদ্ধার করিতে হইবে যাহাতে কেহ অবৈধ অস্ত্র ব্যবহার করিয়া গণতান্ত্রিক প্রক্রিয়াকে বিঘ্নিত না করিতে পারে। এই প্রসঙ্গে বিচারপতি সাহাবুদ্দীন বলেন যে, তাঁহার সরকার ইতিমধ্যেই অবৈধ অস্ত্রধারীদের কঠোর সাজার বিধান করিয়া অস্ত্র আইন সংশোধন করিয়াছে। তিনি বলেন যে, নয়া সংশোধনী অনুযায়ী অবৈধ অস্ত্র রাখার দায়ে কেহ দোষী সাব্যস্ত হইলে তাহাকে সর্বনিম্ন ১০ বৎসর কারাদণ্ড দেওয়া হইবে এবং এই অপরাধে সর্বোচ্চ সাজা হইবে যাবজ্জীবন কারাদণ্ড।

অস্থায়ী প্রেসিডেন্ট অবশ্য বলেন যে, অবৈধ অস্ত্র সমর্পণের জন্য ১৪ দিন সময় দেওয়া হইয়াছে এবং যাহারা এই আদেশ মান্য করিবে তাহাদিগকে ক্ষমা করা হইবে। বিচারপতি সাহাবুদ্দীন বলেন যে, দেশে শীঘ্রই নির্বাচনী প্রচারণা শুরু হইবে এবং সকল দল যাহাতে সমান সুযোগ লাভ করে উহা নিশ্চিত করা সকলের কর্তব্য।

অস্থায়ী প্রেসিডেন্ট বলেন যে, ছাত্রগণ নিঃস্বার্থ এবং তাহারা মন্ত্রী, রাষ্ট্রদূত হইতে চায় না বা লাইসেন্স পারমিটও চায় না। তিনি বলেন যে, ছাত্র সমাজ বর্তমান গণআন্দোলনের অগ্রভাগে ছিল। এ কারণে তিনি ছাত্রসমাজকে তাহাদের সহযোগিতামূলক মনোভাব ও ঐক্য বজায় রাখিতে এবং নির্বাচনকালে গণতান্ত্রিক আদর্শ ও মূল্যবোধ সমুন্নত রাখিতে সহায়তা দানের আহ্বান জানান।

বিচারপতি সাহাবুদ্দীন বলেন যে, গণতন্ত্র প্রতিষ্ঠায় আসন্ন নির্বাচন জাতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই নির্বাচন অবশ্যই অবাধ ও নিরপেক্ষ হইতে হইবে।

সাবেক প্রেসিডেন্টের বিচার করার জন্য ছাত্রদের দাবী প্রসঙ্গে অস্থায়ী প্রেসিডেন্ট বলেন যে, সকল ব্যবস্থাই আইন অনুযায়ী [illegible] করিতে হইবে। তিনি [illegible] মধ্যেই সাবেক [illegible] হেফা- [illegible] হিসাবে তাহার (এরশাদ) বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তদন্তের জন্য সুপ্রীম কোর্টের একজন বিচারপতির নেতৃত্বে একটি তদন্ত কমিশন গঠন করা হইবে।

ছাত্র নেতৃবৃন্দ তাহাদের বক্তৃতায় আইন শৃংখলা পুনঃ প্রতিষ্ঠা তাহা অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে অন্তবর্তীকালীন সরকারের প্রতি তাহাদের পূর্ণ সমর্থন ও সহযোগিতার কথা ব্যক্ত করেন।

তাহারা অবশ্য সাবেক প্রেসিডেন্ট এরশাদ, তাহার মন্ত্রীবর্গ, সংসদ সদস্যগন, জাতীয় পার্টির নেতৃবৃন্দও কতিপয় আমলা কর্তৃক দুর্নীতির মাধ্যমে সংগৃহীত সম্পদ বাজেয়াপ্ত করার দাবী জানান। তাহারা এই সব লোক যাহাতে দেশ ত্যাগ করিতে না পারে তজ্জন্য তাহাদের পাসপোর্ট বাজেয়াপ্ত করার জন্য অস্থায়ী প্রেসিডেন্টের প্রতি আহ্বান জানান। ছাত্র নেতৃবৃন্দ এরশাদের শাসনামলে বিভিন্ন সংস্থার যে সব কর্মকর্তা বাড়াবাড়ি করিয়াছে তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্যও অস্থায়ী প্রেসিডেন্টের প্রতি আবেদন জানান।

যে সকল ছাত্র নেতা বক্তব্য রাখেন তাহারা হইতেছেন আমানুল্লাহ আমান, হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, সাইফুদ্দিন আহমদ মণি, মোস্তফা ফারুক, জাহাঙ্গির সাত্তার টিঙ্কু এবং মিস মাশরেফা মিশু।

### ৬ দলীয় জোট ও দুই মুসলিম লীগ নেতাদের সঙ্গে আলোচনা

বাসস: আরও কতিপয় রাজনৈতিক দল ও জোটের নেতৃবৃন্দ গতকাল (বৃহস্পতিবার) প্রেসিডেন্টের সচিবালয়ে অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকারকালে নেতৃবৃন্দ দেশের বৃহত্তর স্বার্থে অবাধ ও নিরপেক্ষভাবে আসন্ন নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে অস্থায়ী প্রেসিডেন্টের সঙ্গে আলোচনা করেন। নেতৃবৃন্দ এ ব্যাপারে অস্থায়ী প্রেসিডেন্টকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন। গতকাল যাঁহারা অস্থায়ী প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন তাঁহারা হইলেন ৬ দলীয় জোট, মুসলিম লীগ (মতিন) এবং মুসলিম লীগের (ইউসুফ) নেতৃবৃন্দ। ৬ দলীয় জোটের নেতৃত্ব দেন অলি আহাদ এবং মুসলিম লীগের (ইউসুফ) নেতৃত্ব দেন দলের সভাপতি আলহাজ আনম ইউসুফ। দলের মহাসচিব ফয়েজ বখশও উপস্থিত ছিলেন।

মুসলিম লীগের (মতিন) প্রতিনিধিবৃন্দের নেতৃত্ব দেন দলের সভাপতি আলহাজ এম, এ, মতিন। দলের সিনিয়র সহ-সভাপতি কাজী আওলাদ হোসেন উপস্থিত ছিলেন

### আরও জোট ও দলের নেতৃবৃন্দের সাক্ষাৎ

বাসস জানায়, গতকাল আরও রাজনৈতিক দল ও জোটের নেতৃবৃন্দ অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবউদ্দীনের সাথে সাক্ষাৎ করেন। নেতৃবৃন্দ আসন্ন নির্বাচন অনুষ্ঠান সম্পর্কে আলোচনা করেন এবং এ ব্যাপারে অস্থায়ী প্রেসিডেন্টকে সহযোগিতাদানের আশ্বাস দেন।

যাঁহারা অস্থায়ী প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন তাঁহারা হইলেন, ওলি আহাদের নেতৃত্বে ৬ দলীয় জোট, এ এন এম [illegible] নেতৃত্বে মুসলিম লী[illegible]